

১ই  
নথি নং  $\frac{1}{8}$  -কল-৩৮/২০২২

বিভাগীয় মামলা নং-২৭/২০২২

বাংলাদেশ সুপ্রীম কোর্ট,  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
(সাধারণ ও সংস্থাপন শাখা)  
Web: ([www.supremecourt.gov.bd](http://www.supremecourt.gov.bd))

অফিস অদেশ নং-২৭০/২০২২ (পি এন্ড ডি)

তারিখঃ ১৬/১১/২২ খ্রি।

বিজ্ঞপ্তি

যেহেতু, সুইপার জনাব শিরিন চৌধুরীকে মাননীয় বিচারপতি জনাব কেএম, হাফিজুল আলম মহোদয়ের বিজয়-৭১ ভবনের ৩৬ নং চেম্বারে পরিচ্ছন্নতার কাজে দায়িত্ব পালনের জন্য নিয়োজিত করা হয়। গত ১৫/০৯/২০২২ খ্রি, তারিখ মাননীয় বিচারপতি মহোদয় সংশ্লিষ্ট কোর্ট কীপার জনাব গোলজার রহমানকে ডেকে বলেন যে, গত ১৪/০৯/২০২২ খ্রি, তারিখ মহোদয়ের চেম্বার হতে A4 সাইজের এক বাণিল কাগজ হারানো গিয়েছে, যা মহোদয় নিজে ক্রয় করেছেন। বিষয়টি তদন্তপূর্বক মহোদয়কে এ বিষয়ে অবহিত করার নির্দেশ প্রদান করেন। মহোদয়ের বাচনিক নির্দেশে তাকে এ বিষয়ে জিজ্ঞাসাবাদ করলে তিনি অস্বীকার করেন। এরপর সংশ্লিষ্ট কোর্ট কীপার মহোদয়ের চেম্বারে কর্মরত ফরাশদেরকে জিজ্ঞাসাবাদ করলে তারা বলেন যে, এ বিষয়ে কিছু জানেন না। পরবর্তীতে বিজয়-৭১ ভবনে স্থাপিত সিসি ক্যামেরা ফুটেজ পর্যালোচনা করে দেখা যায়। তিনি গত ১৪/০৯/২০২২ খ্রি, তারিখ সকাল ৭.০৮ মিনিটে মহোদয়ের বিজয়-৭১ ভবনের ৩৬ নং চেম্বারে প্রবেশ করে পরিচ্ছন্নতার কাজ শেষে সকাল ৮.১১ মিনিটে A4 সাইজের এক বাণিল কাগজ হাতে নিয়ে সিঁড়ির পার্শ্বে রাখেন এবং কিছু সময় পর ব্যাগে ভর্তি করে লিফট দিয়ে নেমে যান। তাকে দ্বিতীয়বারের মতো কাগজ চুরি যাওয়া বিষয়ে জিজ্ঞাসা করলে তিনি পুনরায় অস্বীকার করেন। তখন মোবাইলে ধারনকৃত সিসি ক্যামেরা ফুটেজসহ ছবি দেখালে তিনি সবার সামনে ক্ষমা প্রার্থনা করে ভুলে স্বীকার করেন। তার এরপর কর্মকাণ্ড অসদাচরণের সামিল এবং অফিস শৃঙ্খলা পরিপন্থী বিধায় কেন তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তৎমর্মে নোটিশ প্রাপ্তির ৩৭ (সাত) দিনের মধ্যে এতদ্বিষয়ে কারণ দর্শিয়ে লিখিত জবাব দাখিলের জন্য গত ১২/১০/২০২২ খ্রি, তারিখে স্মারক নং-৮৬৪২ (১)-(২) মূলে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হলে তিনি গত ১৯/১০/২০২২ খ্�রি, তারিখে জবাব দাখিল করেন। তার দাখিলীয় জবাব সন্তোষজনক না হওয়ায় তাকে সাময়িক বরখাস্ত করণসহ তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রঞ্জু করার আদেশ প্রদান করা হয়। তার উক্তরূপ কার্যক্রম The Supreme Court of Bangladesh, High Court Division, Employees (Discipline and Appeal) Rules, 1983 এর বিধি ২(৪) অনুযায়ী অসদাচরণের সামিল এবং অফিস শৃঙ্খলা পরিপন্থী, বিধি ২(৪) এর সঙ্গে পঠিতব্য বিধি ৩(বি) এর অপরাধ, যা বিধি ৪ অনুযায়ী শাস্তিযোগ্য। উক্তরূপ অভিযোগের প্রেক্ষিতে তাকে অভিযুক্ত করে তার বিরুদ্ধে ১ই  
কল ৩৮/২০২২ নং নথিতে বিভাগীয় মামলা নং-২৭/২০২২ রঞ্জু করা হয়েছে। যেহেতু, অভিযুক্ত সুইপ্পার জনাব শিরিন চৌধুরী এর বিরুদ্ধে আনীত অভিযোগ গুরুতর;

সেহেতু, সুইপার জনাব শিরিন চৌধুরীকে The Supreme Court of Bangladesh, High Court Division, Employees (Discipline and Appeal) Rules, 1983 এর বিধি ১০(১) অনুযায়ী চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত (Suspend) করা হলো। সাময়িক বরখাস্তকালীন (Suspension period) সময়ে অভিযুক্ত কর্মচারী প্রচলিত বিধি মোতাবেক খোরাকী ভাতা (Subsistence Allowance) প্রাপ্ত হবেন।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

আদেশক্রমে

স্বা/-

তা- ২০/১১/২০২২

রেজিস্ট্রার জেনারেল

বাংলাদেশ সুপ্রীম কোর্ট,

ঢাকা।

স্মারক নং- ৬৬৬(১)

জি,এস,

তারিখঃ-

- অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-
- ১। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের জন্য)।
- ২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং-৫২৮, ৫ম তলা, সি,জি,এ, ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। ডি,ডি,ও, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৫। জনাব মাহবুবুর রহমান, কোর্ট কীপার, কোর্ট কীপিং শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৬। জনাব মোঃ গোলজার রহমান, কোর্ট কীপার, কোর্ট কীপিং শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৭। সুপারিনটেন্ডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৮। হিসাবরক্ষক, হিসাব শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৯। জনাব শিরিন চৌধুরী, সুইপার, কোর্ট কীপিং শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

ডেপুটি রেজিস্ট্রার  
(সার্বিক ও আদি অধিক্ষেত্র)

13.11.2022